গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০১৯.০২.০০১.২০-২১৭

তারিখ : ০৪ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
১৮ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগে নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | অফিস সহায়ক<br>গ্রেড : ২০<br>(টা: ৮,২৫০-২০,০১০/-) | ১৮-৩০ বৎসর | ০৫ (পাঁচ) | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | (ক) গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, জামালপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, সিরাজগঞ্জ, দিনাজপুর, নীলফামারী, গাইবান্ধা, সাতক্ষীরা, ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>(খ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

নিম্নবর্ণিত শর্তগুলো আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে:

০১। ০১ মার্চ, ২০২০ তারিখ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২। সরকারি, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate সিলেক্ট করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট আদেশ, বিধি-বিধানে কোন সংশোধিত হলে তা অনুসরণ করা হবে।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৫। আবেদনপত্রের সাথে কোন কাগজপত্র/সনদপত্র দাখিল করতে হবে না। তবে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল কাগজ পত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

০৬। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

০৭। সংশ্লিষ্ট প্রার্থীর কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র এবং সত্যায়িত এক সেট মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৮। এই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

০৯। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১০। Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের http://psd.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

* Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪/০৩/২০২০, সকাল ১০.০০ টা।
* Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৩-০৪-২০২০, বিকাল ০৫.০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submitকরার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হতে হবে।** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিতে হবে।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ উল্লেখিত পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (পরীক্ষার ফি ৫০/- এবংটেলিটকের সার্ভিস চার্জ ০৬/- টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। **বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: PSD<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
***Example: PSD ABCDEF***

*Reply: **Applicant's Name, Tk-56/- will be charged as application fee. Your PIN is 12345678.**To pay fee**Type PSD<Space>Yes<Space>PIN and send to 16222.***

দ্বিতীয় SMS: PSD<space>YES<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
***Example: PSD YES 12345678***

*Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for PSD Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).***

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://psd.teletalk.com.bd অথবা জননিরাপত্তা বিভাগের ওয়েবসাইটে www.mhapsd.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে PSD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PSD HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: PSD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PSD HELP PIN 12345678

ঝ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করতে পারবেন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে পারবেন। এছাড়াও vas.query@teletalk.com.bd ইমেইলে জানাতে পারবেন।

১৮/০৩/২০২৪

(মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার)
উপসচিব
ও
সদস্য-সচিব
তৃতীয় ও চতুর্থ শ্রেণির শূন্য পদ পূরণের বিভাগীয় নিয়োগ কমিটি
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।